দৈনিক ইনকিলাব

তারিখ ... NOV 1 9 1999 ...
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ... [illegible] ...

35

## আলীয়া মাদ্রাসার ছাত্রদের যাতায়াতের জন্য যানবাহন আবশ্যক

শতাব্দীর ঐতিহ্যধন্য মাদ্রাসা-ই আলীয়া বাংলাদেশের ইসলামী শিক্ষার প্রাণকেন্দ্র। এ মাদ্রাসা থেকে প্রতি বছর বহু নায়েবে নবী তৈরী হয়ে দেশে ইসলামী শিক্ষা ও আদর্শ বাস্তবায়নের প্রচেষ্টা চালাচ্ছে। কিছু কিছু ছাত্র প্রতি বছর এখান থেকে মেডিকেল, বুয়েট এবং ভার্সিটিতে চান্স পেয়ে পার্থিববিদ্যায় পাণ্ডিত্য অর্জন করেছে। কেউ কেউ এখান থেকে কামিলের কৃতিত্বের পরিচয় দিয়ে মদিনা ভার্সিটিতে চান্স পেয়ে দেশের মর্যাদা বৃদ্ধি করছে। এখানকার পরিবেশের সাথে তাল মিলিয়ে ইসলামী ঐতিহ্য বজায় রাখতে সকলেরই প্রত্যাশা। কিন্তু দুঃখের বিষয়, হাজারো ইচ্ছা থাকা সত্ত্বেও মাদ্রাসা-ই আলীয়ায় পড়ার স্বপ্ন অনেকেরই ধূলিস্যাৎ হয়ে যায়। কারণ মাদ্রাসা-ই আলীয়ার হোস্টেলে সীমিতসংখ্যাক সিটের কারণে অনেকেরই হোস্টেলে থেকে ক্লাস করার সুযোগ নেই। তাছাড়া বৃহত্তর ঢাকার বিভিন্ন স্থান হতে মাদ্রাসা-ই আলীয়ায় আসার সরাসরি কোন গাড়ী নেই– ফলে ঢাকার স্থানীয় ছাত্ররা তথা মিরপুর, টঙ্গী, নারায়ণগঞ্জ, গুলশান, গাবতলী ইত্যাদি এলাকার ছাত্ররা প্রতিদিন, ক্লাস করার সুযোগ না পাওয়ায় তাদের অনেকেই শিক্ষার জন্য বিকল্প কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে বাধ্য হচ্ছে।

দেশের বিভিন্ন কলেজ এবং স্কুলে নির্ধারিত গাড়ী রয়েছে। পক্ষান্তরে মাদ্রাসা-ই আলীয়ার ছাত্রদের জন্য কোন গাড়ী নেই। তাই মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমাদের বিনীত আরজ, যাতে মাদ্রাসা-ই আলীয়ার জন্য নির্ধারিত কয়েকটি গাড়ী প্রদান করে এখানকার ছাত্রদের নিয়মিত ক্লাস করার সুযোগ করে দেয়া হয়। এ ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রীর সুমর্জি কামনা করছি।

–মোঃ মনির হোসাইন সৈকত,
আলিম প্রথমবর্ষ, বিজ্ঞান বিভাগ,
মাদ্রাসা-ই আলীয়া, ঢাকা।